# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
## বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা

**বিষয়: বিসিআইসি প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর দ্বিতীয় কোয়ার্টারের সভার কার্যবিবরণী।**

সভার সভাপতি : জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম, চেয়ারম্যান, বিসিআইসি ও আহবায়ক, নৈতিকতা কমিটি, বিসিআইসি;

সভার তারিখ ও সময় : ০৭-১০-২০১৯ খ্রিস্টাব্দ, দুপুর ১২.০০ ঘটিকা;

সভার স্থান : বিসিআইসি কনফারেন্স রুম (৫ম তলা)।

বিসিআইসি প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নকল্পে 'শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০' এর দ্বিতীয় কোয়ার্টারের সভা সংস্থার প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির আহবায়ক জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম, চেয়ারম্যান, বিসিআইসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' সন্নিবেশিত করা হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ জাকির হোসেন, মহাব্যবস্থাপক (প্রশাসন) সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। তদভিত্তিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী দপ্তর/শাখা</th></tr>
<tr><td>০১.</td><td>বিগত সভার কার্যবিবরণী</td><td>সভার সূচনায় গত ২৯-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ মেয়াদের ১ম কোয়ার্টারের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এত কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা' নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>সিদ্ধান্ত: গত ২৯-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ মেয়াদের ১ম কোয়ার্টারের সভার কার্যবিবরণী পাঠান্তে নিশ্চিত করা হল।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>২০১৮-২০১৯ মেয়াদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা।</td><td>২০১৮-২০১৯ মেয়াদে সংস্থার শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান ০৭-১০-২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সংস্থার পরিচালকমন্ডলী, নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ ও বিভাগীয় প্রধানগণের উপস্থিতিতে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্যে সংস্থার চেয়ারম্যান জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম বলেন যে, যারা পুরস্কার পেয়েছেন তারা আরো দায়িত্বশীলতার সাথে কাজে ব্রতী হবেন। আর যারা পাননি তারা উৎসাহিত হবেন। চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন যে, একজন কর্মচারী সততা, দক্ষতা, নিয়মানুবর্তিতা, শৃংখলাসহ ব্যক্তিগত আচরণের মাধ্যমে সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী দেশ ও নাগরিক সেবা যথাযথ নিশ্চিত করতে পারলেই তাকে শুদ্ধাচারী বলা যেতে পারে। অন্যথায় নয়। প্রধান অতিথি নিম্নোক্ত কর্মচারীগণকে ২০১৮-২০১৯ মেয়াদের শুদ্ধাচার পুরস্কারের চেক ও সম্মাননা পত্র হস্তান্তর করেন:
<table>
<tr><th>নাম ও পদবী</th><th>ক্যাটাগরী</th></tr>
<tr><td>১। ড. এম এম এ কাদের<br>ব্যবস্থাপনা পরিচালক<br>কেপিএম লিমিটেড</td><td>কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প প্রধানগণের মধ্য হতে</td></tr>
<tr><td>২। প্রকৌ. আরশাদ আলী আহমেদ<br>মহাব্যবস্থাপক(এমটিএস),<br>এমটিএস বিভাগ</td><td>গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত সংস্থার কর্মচারীদের মধ্য হতে।</td></tr>
<tr><td>৩। জনাব ইমাম ফখর উদ্দিন রাজী<br>নির্বাহী প্রকৌশলী(বিদ্যুৎ),<br>কেপিএম লিমিটেড</td><td>সংস্থাধীন কারখানা/ প্রতিষ্ঠানসমূহের গ্রেড-৩ (কারখানা প্রধান ব্যতিত) গ্রে-১০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে</td></tr>
<tr><td>৪। জনাব এস এম মাহবুবুল আলম,<br>দপ্তর সহকারী,<br>পরিচালক (বানিজ্যিক) এর দপ্তর</td><td>গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত সংস্থার কর্মচারীদের মধ্য হতে।</td></tr>
</table>
শুদ্ধাচার পুরস্কার প্রদানের সার্বিক কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>সিদ্ধান্ত: : পুরস্কারপ্রাপ্তদের তালিকা সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রতি বছর এই পুরস্কারের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট।</td></tr>
</table>

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ০৩. | পূর্ববর্তী বছরের তুলনায় উৎপাদন ব্যয়/ইউজেস রেশিও হ্রাসকরণ | সংস্থার বার্ষিক শুদ্ধাচার কর্ম পরিকল্পনা ২০১৯-২০২০ মেয়াদে সংস্থাধীন কারখানাসমূহের উৎপাদন ব্যয়/ইউজেস রেশিও পূর্ববর্তী বছরের তুলনায় কমিয়ে আনার পরিকল্পনা রয়েছে। নৈতিকতা কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে উৎপাদন ব্যয়/ইউজেস রেশিও হ্রাসকরণের বিষয়ে ১ম কোয়াটারের বাস্তবায়ন প্রতিবেদন পাওয়া যায়নি। ইতিমধ্যে ২য় কোয়াটারের শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়নের মেয়াদ শুরু হয়েছে। বার্ষিক শুদ্ধাচার কর্ম পরিকল্পনাভূক্ত যে কোন সূচক বাস্তবায়ন করা না হলে ঐ ক্ষেত্রে সংস্থার নম্বর কর্তন করা হবে, যার প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ পর্যন্ত প্রেরিত হব। এব্যাপারে মন্ত্রণালয় থেকে জোর তাগিদ রয়েছে তাই ১ম ও ২য় কোয়াটারের পরিকল্পনা অনুযায়ী উৎপাদন ব্যয় হ্রাস সংক্রান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রধান কার্যালয়ের কর্মচারী বিভাগে প্রেরণের ব্যাপারে সংশ্লিষ্টগণকে সভায় তাগিদ দেওয়া হয়।<br><br>**সিদ্ধান্ত:** সংস্থার শুদ্ধাচার কর্ম পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়ন প্রতিবেদন চূড়ান্ত করণের লক্ষ্যে কর্ম পরিকল্পনা অনুযায়ী পূর্ববর্তী বছরের তুলনায় উৎপাদন ব্যয়/ইউজেস রেশিও কমিয়ে আনার ১ম কোয়াটারের বাস্তবায়ন প্রতিবেদন ৩০-১০-২০১৯ তারিখের মধ্যে এবং ২য় কোয়াটারের বাস্তবায়ন প্রতিবেদন ২৫-১১-২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে কর্মচারী বিভাগে প্রেরণ করতে হবে। | বাস্তবায়নে: উৎপাদন বিভাগ বিসিআইসি ও সংস্থাধীন সকল কারখানা প্রধান। |
| ০৪. | বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এবং ই-জিপি বাস্তবায়ন | সংস্থার ২০১৯-২০২০ মেয়াদের শুদ্ধাচার কর্ম পরিকল্পনার আওতায় সংস্থার বার্ষিক ক্রয় পরিকল্পনা জুলাই-২০১৯ মাসে সংস্থার ওয়েব সাইটে প্রকাশের পরিকল্পনা গ্রহণ করা হয়। কিন্তু উক্ত কাজ এখনও সম্পন্ন না হওয়ায় প্রথম কোয়াটারে এবিষয়ে নেতিবাচক বাস্তবায়ন প্রতিবেদনে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়েছে। তাই জরুরী ভিত্তিতে সংস্থার ক্রয় পরিকল্পনা অনুযায়ী সংস্থার ওয়েব সাইটে প্রকাশ করা আবশ্যক মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তাছাড়া কর্ম পরিকল্পনা অনুযায়ী এবছরে ই-জিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনের উপর গুরুত্বারোপ করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** জরুরী ভিত্তিতে সংস্থার ২০১৯-২০২০ মেয়াদের ক্রয় পরিকল্পনা সংস্থার ওয়েব সাইটে প্রকাশ ও ফোকাল পয়েন্টকে অবহিত করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাস্তবায়নে: ক্রয় বিভাগীয় প্রধান |
| ০৫. | কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প সংশ্লিষ্ট তথ্য উপাত্ত প্রস্তুত রাখা প্রসংগে। | জাতীয় শুদ্ধাচার কৌশল, সিটিজেন চার্টার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ব্যক্তিগত কর্ম-পরিকল্পনা, ইনোভেশন প্রভৃতি বর্তমান সরকারের উন্নয়নের একটি কৌশল। সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে এ কৌশলসমূহের প্রয়োগ ও বাস্তবায়ন অগ্রাধিকার ভিত্তিতে পালন করা আবশ্যক। তাই প্রত্যেকটি কারখানার শুদ্ধাচার কৌশল পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন, সেবা প্রদান প্রতিশ্রুতি/বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রম প্রস্তুত রাখা এবং সরকার তথা সংস্থা হতে চাহিবা মাত্র তাৎক্ষনিকভাবে সরবরাহ করা যায় সেই লক্ষ্যে কাজ করার জন্য সকল কারখানা/ প্রতিষ্ঠান /প্রকল্প প্রধান ব্যবস্থা নিবেন।<br>**সিদ্ধান্ত:** প্রত্যেক কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পের সরকার/সংস্থার চাহিদা অনুযায়ী সরবরাহের লক্ষ্যে নিজ নিজ শুদ্ধাচার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন, হালনাগাদ সিটিজেন চার্টার সংক্রান্ত তথ্যাবলী, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ব্যক্তিগত কর্মপরিকল্পনা ও ইনোভেশনসহ সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি প্রস্তুত রাখতে হবে। | বাস্তবায়নে: সকল কারখানা/প্রতিষ্ঠান/ প্রকল্প প্রধান। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১০/১৯

(মোঃ হাইয়ুল কাইয়ুম)
চেয়ারম্যান, বিসিআইসি
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি, বিসিআইসি

বিতরণ: নৈতিকতা কমিটির সকল সদস্য, বিসিআইসি প্রধান কার্যালয়।

D:\ADMN2\National Intigrity-166